

ফরিদপুরে নকলে সহায়তা না করায় পরীক্ষার্থীর পিতা কুপিয়ে জখম করেছে শিক্ষককে

স্টাফ রিপোর্টার, ফরিদপুর ॥ এসএসসি পরীক্ষায় ভাসা উপজেলার কেএম কলেজ উপকেন্দ্রের এক পরীক্ষার্থীকে নকলে সহায়তা না করায় ভাসা উপজেলারই পীরের চর উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক অরুণচন্দ্র দত্তকে কুপিয়েছে পরীক্ষার্থীর পিতা। এ ব্যাপারে বানায় মামলা করার অপরাধে সহসীরা অশ্রের মুখে ভাসা বাহা কেন্দ্রে চিকিৎসাধীন আহত শিক্ষককে অপহরণের অপচেষ্টা করে গত তরুবার সকাল। অপহরণের অপচেষ্টার ঘটনা নিয়েও আরও একটি মামলা ইওয়ায় নকলবাহা এসএসসি পরীক্ষার্থী, তার পরিবারের লোকজন, সহসীরা আরও বেপরোয়া হয়ে আহত শিক্ষকের পরিবার-পরিজনকে

হত্যার হুমকি দিলে। জানা গেছে, অরুণচন্দ্র দত্ত এসএসসি পরীক্ষায় ভাসা কেএম কলেজ উপকেন্দ্রে হল পরিদর্শক ছিলেন। ৫ এপ্রিল গণিত পরীক্ষায় জনৈক মেহেদী হাসান হুম নামের এক পরীক্ষার্থীকে তিনি নকলে সহায়তা করেননি। এ ঘটনায় ক্ষুব্ধ হয় পরীক্ষার্থীর পিতা ভাসা উপজেলার নওয়াপাড়া গ্রামের নজরুল ইসলাম মির্জা ওরফে কানু। পুরীক্ষা শেষে সে শিক্ষক অরুণকে দেখে নেয়ার হুমকি দেয়। ১৪ এপ্রিল বিকালে শিক্ষক অরুণ দত্ত যখন বৈশাখী মেলা দেখে ভাসার জানদী গ্রামে নিছের বাড়িতে ফিরছিলেন তখন নজরুল মির্জা ধারালো অস্ত্র নিয়ে তার ওপর চড়াও হয়ে এলোপাতাড়ি কোপায়।